গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিস
মাগুরা

নিয়োগপত্র

স্মারক নং: ৩৮.০১.৫৫০০.০০০.১১.০০১.২৫-১০৭২

তারিখ: ১২ আশ্বিন ১৪৩৩
২৭ সেপ্টেম্বর ২০২৬

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন রাজস্বখাতভুক্ত সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা, ২০২৫ এর ফলাফলের ভিত্তিতে কেন্দ্রীয় প্রাথমিক শিক্ষক নিয়োগ কমিটি কর্তৃক সুপারিশকৃত এবং প্রাথমিকভাবে নির্বাচিত নিম্নোক্ত প্রার্থীগণকে জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী বেতনস্কেল: টাকা ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩) বেতনক্রমে মাগুরা জেলার মহম্মদপুর উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্বখাতভূক্ত সহকারী শিক্ষকের শূন্যপদে ২ নং অনুচ্ছেদের শর্ত অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

ক্র. নং	রোল নম্বর	উপজেলা ভিত্তিক মেধাক্রম	নাম, পিতা/স্বামীর নাম ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
১	৬৩১৩২৪৪	৩	জনাব জুয়েল মোল্যা পিতা: সলেমান মোল্যা মাতা: পলি খাতুন	গ্রাম: বানিয়াবহু ডাক: বিনোদপুর মহম্মদপুর, মাগুরা	গ্রাম: বানিয়াবহু ডাক: বিনোদপুর মহম্মদপুর, মাগুরা
২	৬৩১০১৩৬	৪	জনাব মোঃ হাসানুর রহমান পিতা: মোঃ শহিদুল ইসলাম মাতা: মোছাঃ নার্গিস বেগম	গ্রাম: হরেকৃষ্ণপুর ডাক: মহম্মদপুর মহম্মদপুর, মাগুরা	গ্রাম: হরেকৃষ্ণপুর ডাক: মহম্মদপুর মহম্মদপুর, মাগুরা
৩	৬৩১৩০২১	৬	জনাব পলি রানী বিশ্বাস পিতা: শ্যামল কুমার বিশ্বাস মাতা: স্মৃতি রানী বিশ্বাস	গ্রাম: চরসেলামতপুর ডাক: চরসেলামতপুর মহম্মদপুর, মাগুরা	এস এম রহমান মইন ভিলা, বাড়ি নং-২৪, মদিলা মসজিদ এলাকা, বয়রা মেইন রোড, খুলনা
৪	৬৩১৩৪৩০	৭	জনাব তারিকুল ইসলাম পিতা: মৃত আব্বাস মুন্সী মাতা: মৃত লতিফা	গ্রাম: যশোবন্তপুর ডাক: যশোবন্তপুর মহম্মদপুর, মাগুরা	গ্রাম: যশোবন্তপুর ডাক: যশোবন্তপুর মহম্মদপুর, মাগুরা

২। (ক) যোগদানের তারিখ থেকে ২(দুই) বৎসর পর্যন্ত চাকুরিকাল শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে;

(খ) শিক্ষানবিশকালে কর্মদক্ষতা, আচরণ ও সন্তোষজনক চাকুরির রেকর্ড সাপেক্ষে বিধি মোতাবেক চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে এবং শিক্ষানবিশকালে যে কোন ধরণের অসদাচরণের জন্য কোন কারণ দর্শানো ব্যতিরেকেই চাকরি হতে অপসারণ করা যাবে;

(গ) শিক্ষানবিশকালে কোন ধরণের বদলির আবেদন করা যাবে না;

(ঘ) শিশুকে শারীরিক ও মানসিক নির্যাতন করা যাবে না, করলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঙ) নিয়োগপ্রাপ্ত শিক্ষক কর্তৃক যে কোন সময়ে সরবরাহকৃত যে কোন তথ্য ও সনদপত্র মিথ্যা/ভুয়া/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে এ নিয়োগ আদেশ বাতিল করা হবে এবং প্রচলিত আইনের বিধান অনুযায়ী তাঁর/তাঁদের বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে;

(চ) নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণকে যোগদানের পর সরকার নির্ধারিত ০২(দুই) মাসের প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে;

(ছ) অন্যূন ০৪ (চার) বৎসরের মধ্যে নির্ধারিত মৌলিক প্রশিক্ষণ (বিটিপিটি) গ্রহণ করতে হবে। উক্ত প্রশিক্ষণ গ্রহণে ব্যর্থ হলে কিংবা অনুত্তীর্ণ হলে তার চাকরি স্থায়ী করা হবে না এবং চাকরি বিধি অনুসারে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে;

(জ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঝ) এ নিয়োগ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

৩। নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণকে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে সশরীরে উপস্থিত হয়ে নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান করতে হবে;

৪। অনুচ্ছেদ ১, ২ ও ৩ এ উল্লিখিত শর্তাবলি তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ০১ অক্টোবর ২০২৬ তারিখ বৃহস্পতিবার অফিস চলাকালীন মাগুরা জেলা প্রাথমিক শিক্ষা অফিসে যোগদান করবেন। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

৫। নিয়োগকৃত শিক্ষকগণ 'বেতন-ভাতাদি প্রাতিষ্ঠানিক কোড নং ১২৪০২০৯০০০০০০ সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ'-এর বেতন-ভাতাদি খাত হতে প্রাপ্য হবেন;

৬। **প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির স্মারক নং ৩৮.০১.০০০০.১৪৩.১১.০১০.২৫-২০৭, তারিখঃ ০৫.১১.২০২৫ খ্রি. অনুসারে এ নিয়োগ প্রদান করা হলো।**

মোঃ আমিরুল ইসলাম
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
মাগুরা

স্মারক নং: ৩৮.০১.৫৫০০.০০০.১১.০০১.২৫-১০৭২/১৩

তারিখ: ১২ আশ্বিন ১৪৩৩ / ২৭ সেপ্টেম্বর ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। জেলা প্রশাসক, মাগুরা।
৩। পুলিশ সুপার (বিশেষ), মাগুরা।
৪। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা।
৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ৩য় ফেজ (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৬। সিভিল সার্জন, মাগুরা।
৭। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মহম্মদপুর, মাগুরা।
৮। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, মহম্মদপুর, মাগুরা।

৯-১২। জনাব..প্রযত্নে...

গ্রাম/মহল্লা.............................. ডাকঘর/পোস্ট........................কোড..............উপজেলা: মহম্মদপুর, জেলা: মাগুরা।

১৩। সংরক্ষণ নথি।

মোঃ আমিরুল ইসলাম
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
মাগুরা